

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০১.৮১.০৮১.২০১২-১২৩০

তারিখঃ ২৮ নভেম্বর, ২০১৬

প্রেরক : লুৎফুন নাহার
সিনিয়র সহকারী সচিব
স্থানীয় সরকার বিভাগ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
মৌচাক টাওয়ার (১১ তলা) ৮৩/বি, নিউ সার্কুলার রোড, মালিবাগ, ঢাকা।

বিষয় : কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলা পরিষদ কার্যালয় ও কর্মকর্তা-কর্মচারীদের বাসভবন নির্মাণার্থে ভূমি অধিগ্রহণের নিমিত্ত
৫,০০,১৩,০০০/- (পাঁচ কোটি তের হাজার) টাকা মঞ্জুরী প্রদান।


সূত্র : অর্থ বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৩.০২০.০০২.২০১৫-১৯৪৬ ; তারিখঃ ২১/১১/২০১৬।

মহোদয়,

অর্থ বিভাগের ৩০-০৮-২০০০ তারিখের অমঃঅবিঃ/উঃ-১/বিবিধ-৪৬/৯৭-৪৬৯ নং স্মারকে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতা বলে ২০১৬-২০১৭ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (৫০১০ কোডে) উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের আওতায় ৪৫০.০০ (চারশত পঞ্চাশ কোটি) টাকার অপ্রত্যাশিত উপখাতে (প্রাকৃতিক দুর্যোগ) রক্ষিত ৩১.৫০ (একত্রিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা হতে মিঠামইন উপজেলা পরিষদ কার্যালয় ও কর্মকর্তা-কর্মচারীদের বাসভবন নির্মাণার্থে ২.৫৪৭৬ একর ভূমি অধিগ্রহণের জন্য ৫,০০,১৩,০০০/- (পাঁচ কোটি তের হাজার) টাকার সরকারি মঞ্জুরি নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করছি :

শর্তাবলী

- এই ব্যয় ২০১৬-২০১৭ অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং ৩৩, ৩৭ স্থানীয় সরকার বিভাগ, ৩৭০১ সচিবালয়, ৫০১০- উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা বরাদ্দ হতে মিটানো হবে।
- মঞ্জুরীকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান ও নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার যৌথভাবে মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবেন।
- এই বরাদ্দের অধীন অনুমোদিত কাজে বিদ্যমান আর্থিক রীতিনীতি অনুযায়ী ব্যয় নির্বাহ করে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট বিল দাখিলপূর্বক সরকারি তহবিল থেকে প্রয়োজনীয় অর্থ আহরণ করতে হবে।
- সচিব, স্থানীয় সরকার বিভাগ উক্ত অর্থ ব্যয়ের নির্বাহী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন।
- এই ব্যয় মঞ্জুরিতে অর্থ বিভাগের ২৬-১০-২০১৬ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০১.২০১০-৫৮৭ স্মারকে সম্মতি রয়েছে।
- মঞ্জুরীকৃত অর্থ ৩০-০৬-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে ব্যয় করতে হবে। আগামী ১৫-০৭-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়িত কাজ সম্পন্ন প্রতিবেদন (Completion Report) সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এর যৌথ স্বাক্ষরে এ বিভাগে প্রেরণ করতে হবে।



লুৎফুন নাহার
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৭২৩০

স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০১.৮১.০৮১.২০১২-১২৩০

তারিখঃ ২৮ নভেম্বর, ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১)।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ।
৭. উপজেলা নির্বাহী অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ।
৮. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ।
৯. সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), স্থানীয় সরকার বিভাগ।
১০. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (জিও'টি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১১. জেলা হিসাব রক্ষণ অফিসার, কিশোরগঞ্জ।
১২. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ।
১৩. উপজেলা প্রকৌশলী, মিঠামইন, কিশোরগঞ্জ।


লুৎফুন নাহার
২৮/১১/২০১৬